




ISO 9001:2015 Certified



ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
Mymensingh Palli Bidyut Samity-3.
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

ময়মনসিংহ পবিস-৩
শম্ভুগঞ্জ, সদর, ময়মনসিংহ।
Email: mpbs3@yahoo.com
Web: pbs3.mymensingh.gov.bd



মুজিব
শতবর্ষ
100

স্মারক নং-২৭.১২.৬১৫২.৫৬৪.০১.০৩৮.২২. ১৯৪৬

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
২৩ মে, ২০২২ খ্রিস্টাব্দ**বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) পিকআপ গাড়ীর টায়ার সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি।**

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক পিকআপ গাড়ী নং-ঠ-১১-০১২১ এবং পিকআপ গাড়ী নং-ঠ-১১-০১২২ এর “টায়ার” ক্রয়ের লক্ষ্যে পবিস তহবিলের আওতায় নিম্নবর্ণিত বিবরণ ও স্পেসিফিকেশন মোতাবেক টায়ার ক্রয়ের লক্ষে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	পিকআপ গাড়ীর টায়ার সাইজ-২৪৫/৭০ আর ১৬ (টিউবলেস) ব্রাণ্ডঃ ব্রিজস্টোন।	১০ টি		
	মোট (কথায়) :			

দরপত্র গ্রহণ ও খোলার বিবরণঃ


	তারিখ	সময়	স্থান
দরপত্র গ্রহণ	৩০/০৫/২০২২ খ্রিঃ	বেলা ১১:০০ ঘটিকা	ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ সদর দপ্তর, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ। পরিচালক পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা) নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
দরপত্র খোলা	৩০/০৫/২০২২ খ্রিঃ	বেলা ১১:০৫ ঘটিকা	ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ সদর দপ্তর, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ। পরিচালক পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা) নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

শর্তাবলীঃ

- ০১। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে বর্ণিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।
- ০২। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে “পিকআপ গাড়ীর টায়ার সরবরাহের দরপত্র” কথাটি লিখতে হবে।
- ০৩। দরপত্র দাখিলের সময় দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী সনদপত্র, আয়কর সনদপত্র এবং ভ্যাট রেজিস্ট্রেশন এর সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৪। কার্যাদেশ অনুযায়ী নমুনা মোতাবেক মালামাল সরবরাহ করতে হবে। সরবরাহকৃত মালামাল সমিতির বিবরণ/নমুনা মোতাবেক না হলে সে ক্ষেত্রে আপনার নিজ খরচে ও নিজ দায়িত্বে ত্রুটিমুক্ত মালামাল সমিতিতে পুনঃ সরবরাহ করতে হবে। কার্যাদেশ প্রদানের সময় বর্ণিত মালামালের পরিমাণ কম বা বেশী হতে পারে। এ ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

অঃপূঃ

- ০৫। কার্যাদেশ ইস্যুর তারিখ হতে সর্বোচ্চ ১০ (দশ) দিনের মধ্যে মালামাল নিজ খরচে ও নিজ দায়িত্বে সমিতিতে সরবরাহ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ০৬। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্টস পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ০৭। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(খঃ শামীম আলম)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (সদয় অবগতি ও বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)

- ০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ ও পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (দরপত্র গ্রহণ ও খোলার জন্য অনুরোধ করা হলো)।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি দপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ময়মনসিংহ।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ময়মনসিংহ (উত্তর)।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি কার্যালয়/সড়ক ও জনপথ, ময়মনসিংহ।
- ০৭। ডিজিএম, কারিগরী/ফুলপুর/ঈশ্বরগঞ্জ/হালুয়াঘাট ধোবাউড়া জোনাল অফিস, মপবিস-৩।
- ০৮। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি/প্রশাসন/আইটি), মপবিস-৩।
- ০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, ময়মনসিংহ (উত্তর)।
- ১০। মেসার্স.....
- ১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), মপবিস-৩: অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১২। নোটিশ বোর্ড, মপবিস-৩/ অফিস কপি/মাস্টার কপি।



(খঃ শামীম আলম)
জেনারেল ম্যানেজার

